

একজন আদর্শ শিক্ষকের আত্মজিজ্ঞাসা

- ১। আমি কি নির্ধারিত সময়ে বিদ্যালয়ে পৌঁছেছি এবং নির্ধারিত সময়ের পরে বিদ্যালয় ত্যাগ করেছি ?
- ২। আমি কি আজ ক্লাস শুরুর পূর্বে জাতীয় সংগীত পরিবেশন কার্যক্রমে অংশগ্রহণ করেছি এবং জাতীয় পতাকার মর্যাদা সম্মুখ রেখেছি ?
- ৩। আজকের পাঠদানের জন্য আমি কি প্রস্তুত। অর্থাৎ শিক্ষক শিক্ষাক্রম নির্দেশিকা (TCG) অনুসরণ করে পাঠটীকা/পাঠপরিকল্পনা/পাঠ নোট/পাঠসংশ্লিষ্ট উপকরণ প্রস্তুত/Smart TV /মাল্টিমিডিয়ায় পাঠ উপস্থাপনের জন্য নিজেকে সম্পূর্ণ রূপে তৈরী করেছি ?
- ৪। আমি কি শিক্ষক বাতায়নের সদস্য হয়ে ডিজিটাল কন্টেন্ট তৈরী, শ্রেণিকক্ষে Smart TV /মাল্টিমিডিয়ার ব্যবহার, mmcm.gov.bd এ তথ্য প্রদান এবং শিক্ষক বাতায়ন থেকে কন্টেন্ট ডাউনলোড ও আপলোড করি ?
- ৫। আমি কি প্রতিটি পিরিয়ডে পাঠ পরিকল্পনা/Smart TV/মাল্টিমিডিয়ায় পাঠটি সঠিকভাবে উপস্থাপন করেছি ?
- ৬। আমি কি পাঠের প্রতি শিক্ষার্থীদের আগ্রহ সৃষ্টি/ইতিবাচক মনোভাব/মূল্যবোধ সৃষ্টি করতে পেরেছি ?
- ৭। আমি কি সঠিক সময়ে শ্রেণিকক্ষে গমন ও শ্রেণিকক্ষ হতে প্রস্থান করেছ ?
- ৮। আমি কি শ্রেণির সকল শিক্ষার্থীর প্রতি সমান দৃষ্টি দিয়েছি ? অর্থাৎ অনগ্রসর/পিছিয়ে পড়া/দূর্বল/প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য কি কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছি ?
- ৯। আমি কি শ্রেণিকক্ষ ও শিক্ষক-শিক্ষার্থীদের ওয়াশরুম পরিষ্কার পরিচ্ছন্ন এবং তার ব্যবহার নিশ্চিত করতে পেরেছি ?
- ১০। আমি কি শ্রেণিকক্ষে পাঠদানের সময় মোবাইল ফোন বন্ধ বা রিংটোন বন্ধ রেখেছি বা করেছি?

- ১১। আমি কি শিক্ষার্থী, অভিভাবক, সহকর্মী ও অন্যান্যদের সাথে সৌহার্দপূর্ণ আচরণ করেছি /সুসম্পর্ক রাখতে পেরেছি ?
- ১২। আমি কি শিক্ষক ডায়েরী নিয়মিত হালনাগাদ করে বাস্তবায়ন করেছি ?
- ১৩। আমার শ্রেণি কক্ষের সকল শিক্ষার্থীদের পোষাক/স্কুল ইউনিফর্ম কি পরিষ্কার পরিচ্ছন্ন ছিল ?
- ১৪। আমি কি শ্রেণি কক্ষে মিড ডে মিল বা স্বাস্থ্যসম্মত খাবার গ্রহণের পরামর্শ দিয়েছি ?
- ১৫। আমি কি গতদিনের অনুপস্থিত শিক্ষার্থীদের আগামীতে উপস্থিত থাকার জন্য প্রস্তুতিমূলক পদক্ষেপ গ্রহণ করেছি ?
- ১৬। আমি কি সহপাঠক্রমিক কার্যাবলী যেমন-খেলাধুলা, শরীরচর্চা, স্কাউটং, বিতর্ক অনুষ্ঠানসহ দেশীয় সংস্কৃতির অনুশীলন করেছ ?
- ১৭। আমি কি শ্রেণিকক্ষে মাদকের ভয়াবহতা, সততা সংঘ, ইভটিজিং রোধ, বাল্যবিবাহ রোধ, দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় সক্রিয় হওয়ার জন্য শিক্ষার্থীদের উদ্ভুদ্ধ করেছি ?
- ১৮। আমি কি www.muktopath.gov.bd এর সদস্য হয়ে Online কোর্স সম্পন্ন করেছি ?
- ১৯। আমি কি ধারাবাহিক মূল্যায়নের পর শ্রেণিকক্ষে তা দেখানো ও সংরক্ষণ করেছি ?
- ২০। আমি কি নিশ্চিত যে, আমার আজকের পাঠদান সফল হয়েছে এবং বিদ্যালয়ের বিদ্যালয়ের অন্যান্য দায়িত্ব যথাসময়ে পালন করেছি ?
- ২১। আমি কি স্ব স্ব ধর্মের বিধান পালন এবং শিক্ষার্থীদের মধ্যে ধর্মীয়, নৈতিক, মানবিক ও সামাজিক মূল্যবোধ সৃষ্টি করতে পেরেছি ?

এইচ. এম. মতিউর রহমান

সহকারি শিক্ষক (ব্যবসায় শিক্ষা)

জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক (মাধ্যমিক)

জাতীয় শিক্ষা সপ্তাহ—২০১৮ খ্রীঃ

পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পটুয়াখালী।

মোবাইল- ০১৭১৬২২৪৪২৫